

১১ মে বৈশাখ, ১৩১৪

ইডেন কলেজের জন্য

বাস চাই

সরকারী ইডেন মহিলা মহাবিদ্যালয়ের ছাত্রীদের জন্য পর্যাপ্ত সংখ্যক বাস চালু করার দাবীর প্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ কিছু দিন পূর্বে এরূপ সিদ্ধান্ত নিয়েছেন যে কলেজের যে বসটি মেরামতের অপেক্ষায় পড়ে আছে সেটি মেরামত করে চালু করা হবে এবং এটি মীরপুর রোডে মন্ব একবার করে ছাত্রী ও শিক্ষক নিয়ে যাতায়াত করবে। এই ব্যবস্থায় কলেজ কর্তৃপক্ষ প্রতি মাসে দেড়শ টাকা বেতন ধার্য করেছেন।

এ প্রসঙ্গে উল্লেখ্য যে এই বেতন পন্থাভিত্তে অর্থাতেও বাস চালু করা হয়েছিল। কিন্তু নানা কারণে সেই বাস চলাচল শেষ পর্যন্ত বন্ধ হয়ে যায়। এই পন্থাভিত্তে আবারো যদি বাস চালু করা হয় তবে পূর্বের অবস্থা সৃষ্টি হবে। পক্ষান্তরে যদি টিকেট বা কপন পন্থাভিত্তে বাস চালু করা হয় তা হলে এ পন্থাভিত্তে অর্জিত

জনমত

অর্থ বাসের রক্ষণাবেক্ষণ ও তেলের খরচের জন্য ব্যয় করা যাবে এবং এতে পূর্বের অবস্থা সৃষ্টি হবে না।

আর বেতন পন্থাভিত্তে ধার্য করা অর্থ পার্বালিক বাসে চলাচলের জন্য প্রয়োজনীয় অর্থের চেয়েও বেশি। ছাত্রীদের কলেজের বাসে চলাচলের আগ্রহ মূলত নিরাপত্তা ও সুবিধার জন্যই। তবে সেই সাথে অর্থনৈতিক দিকটাও চিন্তা করে টিকেট পন্থাভিত্তে অন্যান্য শিক্ষায়তনের চেয়েও কিছু বেশি দিতে রাজি।

সদাশ্রম সরকারের কাছে তাঁর প্রার্থনা, সরকারী ইডেন কলেজের জন্য সব রূটে বাস চলাচলের প্রয়োজনীয় ব্যবস্থা করে নিয়মিত ও সুস্থভাবে আমাদের কলেজে যাতায়াতে সহাযা করুন।

শরীফুন নাহার রেজিনা,
বাংলা সম্মান তৃতীয় বর্ষ
মিরপুর, ঢাকা-১৬০০।